# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৯

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২২. উপরের হাত (দাতার হাত)-এর মর্যাদা সম্পর্কে

## بَاب فِي فَضْلِ الْيَدِ الْعُلْيَا

---

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ الْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنْ الْيَدِ السُّفْلَى قَالَ وَالْيَدُ الْعُلْيَا يَدُ الْمُعْطِي وَالْيَدُ السُّفْلَى يَدُ السَّائِلِ

বাংলা

১৬৮৯. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন: “নিচের হাতের চেয়ে উপরের হাত উত্তম।”তিনি বলেন, “উপরের হাত হলো দাতার হাত এবং নিচের হাত হলো দান প্রার্থীর (যাচঞ্ঞাকারীর) হাত।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাকাত ১৪২৯; মুসলিম, যাকাত ১০৩৩।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৭৩০ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৩৬১, ৩৩৬৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81972

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন